

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৭৫১

১/ বিবিধ

আরবী

من قضى لأخيه حاجة كنت واقفا عند ميزانه فإن رجح وإلا شفعت له
موضوع

رواه أبو نعيم في " الحلية " (6 / 353) عن عبد الله بن إبراهيم بن الهيثم الغفاري:
حدثنا مالك بن أنس والعمري عن نافع عن ابن عمر مرفوعا، وقال: " غريب من
حديث مالك، تفرد به الغفاري قلت: قال الذهبي
نسبه ابن حبان إلى أنه يضع الحديث. وقال الحاكم: " يروي عن جماعة من الضعفاء
أحاديث موضوعة

বাংলা

৭৫১। যে ব্যক্তি তার কোন ভাইয়ের প্রয়োজন মিটাবে, আমি তার হিসাব নিকাশের পাল্লার নিকট দাঁড়িয়ে থাকবো।
তার নেকির পাল্লা ভারী না হলে আমি তার জন্য শাফা'আত করবো।

হাদীছটি জাল।

এটি আবু নোয়াইম "আল-হিলইয়্যাহ" (৬/৩৫৩) গ্রন্থে আব্দুল্লাহ ইবনু ইবরাহীম আল-গিফারী হতে তিনি মালেক
ইবনু আনাস ও আল-উমারী হতে তারা উভয়ে নাকে হতে তিনি ইবনু উমার (রাঃ) হতে মারফু হিসাবে বর্ণনা
করেছেন। আবু নোয়াইম বলেনঃ মালেকের হাদীছ হতে এটি গারীব। গিফারী এককভাবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ হাফিয যাহাবী বলেনঃ ইবনু হিব্বান তাকে হাদীছ জাল করার সাথে সম্পৃক্ত করেছেন।
হাকিম বলেনঃ তিনি একদল দুর্বল বর্ণনাকারী হতে কতিপয় বানোয়াট হাদীছ বর্ণনা করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71630>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন